



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



স্বল্প খরচে সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৩.০০২.১৭/ ২৭৫৮

তারিখ: ২৯.০৯.২০২৬

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের **Sidney Apparels LLC**-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ কর্মী নিয়োগ করা হবে:

পদের নাম	পদের সংখ্যা	লিঙ্গ	বয়স	অভিজ্ঞতা	মাসিক মূল বেতন
মহিলা মেশিন অপারেটর	১৭০ জন	মহিলা	২০-৩৭ বছর	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ৩ বছরের	১৮৩.৩৫
টেবিল QC	১৫ জন	পুরুষ	২৩-৪০ বছর	বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে	(ইউএসডি)

যেসব প্রার্থী সংশ্লিষ্ট কাজের সর্বনিম্ন ০২ টি প্রসেস এর ভিডিও সাথে নিয়ে আসবে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে এবং সকল প্রার্থীকে অবশ্যই বর্তমানে কর্মরত অফিসের মূল পরিচয়পত্র ও ফটোকপি সাথে রাখতে হবে। তবে, পুরুষ কর্মীদের কাজের ভিডিও সঙ্গে আনা বাধ্যতামূলক।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সবগুলো পাসপোর্ট সঙ্গে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের সকল খরচ কোম্পানি বহন করবে। শুধু মাত্র মেডিক্যাল ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং পিডিও ট্রেনিং বাবদ ২০০/- (দুইশত), ফিসার প্রিন্ট বাবদ ২০০/- (দুইশত) টাকা ও অজীকারনামা স্ট্যাম্প বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা খরচ হবে, যা পরবর্তীতে জর্ডানে চূড়ান্তভাবে গমনকৃত কর্মীদের নিয়োগকারী প্রতিষ্ঠান পরিশোধ করবেন।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে, মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি এবং পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১ বছর থাকতে হবে, (৩) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৪) ভোটার আইডি কপি।

আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ সাক্ষাৎকার/প্র্যাকটিকাল টেস্ট প্রদানের জন্য নিম্নবর্ণিত স্থান ও সময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো:

তারিখ ও বার	স্থান	সময়
০২ অক্টোবর ২০২৬ খ্রি., শুক্রবার	মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা	সকাল ৮.০০ টায়

এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫ ও ০২-৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কলসেন্টার ১৬১৩৫-এ যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য যে, প্রার্থীদের কোনো Bio-data (জীবন বৃত্তান্ত) সঙ্গে আনার প্রয়োজন নেই।

অনলাইন আবেদনের লিংক: <https://brms.boesl.gov.bd/>

বি.দ্র.: অনলাইনে আবেদন ইন্টারভিউ প্রদানের নিশ্চয়তা বহন করে চাকরি প্রাপ্তির নিশ্চয়তা নয়। চাকরির জন্য অবশ্যই আপনাকে ট্রেড টেস্ট/ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পুরুষ কর্মীর ক্ষেত্রে একটি পদের বিপরীতে ১০ জন প্রার্থী আবেদন করতে পারবেন এবং নির্দিষ্ট সংখ্যক আবেদনের গ্রহণের পর লিংক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

অনলাইনে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ০১ অক্টোবর ২০২৬ বিকাল ০৪:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে।

উল্লেখিত তারিখ ও সময়ের আগে/পরে আবেদন করার কোন সুযোগ নেই।

আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন,

নির্ধারিত সংখ্যক আবেদন জমা হওয়ার পর আবেদন লিংকটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১০০ টাকা আবেদন ফি প্রযোজ্য)

বোয়েসেল এর কোন এজেন্ট বা সাব এজেন্ট নেই। বোয়েসেল কর্মী নির্বাচনে নিজে সিদ্ধান্ত নেয়।

বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান করবেন না

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়)

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

অফিস ঠিকানা:

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২, ইস্কাটন গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015



যোগাযোগ নম্বর:

ফোন : ০২-৪৮৩১৯১২৫, ০১৭৬৫৪১১৬৫৩

(সরকারি ছুটির দিন ব্যতীত অন্যান্য দিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত)

ই-মেইল : info@boesl.gov.bd

ওয়েব : www.boesl.gov.bd

নূর আহমেদ

জিএম (ব.ক)